

# যুগান্তর

## বৃহস্পতিবার

২৮ ডিসেম্বর ২০২৩ • ১৩ পৌষ ১৪৩০



### এনএসইউ'তে কৃত্রিম বুদ্ধিমত্তা ও মার্কেটিং বিষয়ক সেমিনার

নর্থ সাউথ ইউনিভার্সিটির অফিস অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স ক্যাম্পাসে বুধবার 'এআই ইন অ্যাকশন : ট্রান্সফরমিং দ্য মার্কেটিং ল্যান্ডস্কেপ উইথ জেনারেটরি ইন্টেলিজেন্স' শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়েছে। সেমিনারে উপস্থিত ছিলেন সিঙ্গাপুর বিজনেস স্কুলের মার্কেটিং ইনস্টিটিউটের মহাব্যবস্থাপক ও একাডেমিক পরিচালক ড. লো চিন ইয়ং, চেয়ারম্যান ড. রজার লো কিট ফাই, এনএসইউ'র উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম, এনএসইউ সেন্টার ফর বিজনেস রিসার্চের পরিচালক ও মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. নিয়াজ আহমেদ। সংবাদ বিজ্ঞপ্তি।